# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩৭

১/ বিবিধ

আরবী

يأتي على الناس زمان يكون المؤمن فيه أذل من شاته
ضعيف جدا

رواه ابن عساكر (15/390/2) عن عباد بن يعقوب الرواجني أنبأنا عيسى بن عبد الله بن محمد بن عمر بن علي حدثني أبي عن أبيه عن جده عن علي مرفوعا
قلت: وهذا سند واه، عيسى بن عبد الله قال أبو نعيم
روى عن آبائه أحاديث مناكير، لا يكتب حديثه، لا شيء
وقال ابن عدي: حدث عن آبائه بأحاديث غير محفوظة
وساق له الذهبي حديثين قال في أحدهما
لعله موضوع
والحديث أورده السيوطي في " الجامع " من رواية ابن عساكر هذه وبيض له المناوي في شرحيه

বাংলা

১১৩৭। লোকদের নিকট এমন একটি সময় আসবে যে সময়ে মু’মিন ব্যক্তি তার বকরীর চেয়েও নিকৃষ্ট হবে।

হাদিসটি খুবই দুর্বল।

হাদীসটি ইবনু আসাকির (১৫/৩৯০/২) আব্বাদ ইবনু ইয়াকুব রাওয়াজিনী সূত্রে ঈসা ইবনু আব্দিল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনু উমার ইবনে আলী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। ঈসা ইবনু আবদিল্লাহ সম্পর্কে আবু নুয়াইম বলেনঃ তিনি তার বাপ-দাদাদের থেকে বহু মুনকার হাদীস বর্ণনা করেছেন, তার হাদীস লিখা যাবে না, তিনি কিছুই না।

ইবনু আদী বলেনঃ তিনি তার বাপ-দাদাদের থেকে অরক্ষিত (অনির্ভরযোগ্য) হাদীস বর্ণনা করেছেন। হাফিয যাহাবী তার দু’টি হাদীস উল্লেখ করে একটি সম্পর্কে বলেছেনঃ সম্ভবত হাদীসটি বানোয়াট।

আলোচ্য হাদীসটিকে ইমাম সুয়ূতী ইবনু আসাকিরের বর্ণনা থেকে "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন